NOV. 17 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৬ ...

# ছাত্রলীগের দিনব্যাপী অবস্থান ধর্মঘট

## ছাত্রদের ঠিকানা হলেই হতে হবে, রাস্তায় নয়: সাবের চৌধুরী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : হলে হলে সহাবস্থান নিশ্চিত করা, ছাত্রদলের সন্ত্রাসীদের গ্রেপ্তার, ছাত্রলীগ কর্মীদের নিরাপদে পরীক্ষা দেওয়ার নিশ্চয়তাসহ বিভিন্ন দারিতে ছাত্রলীগ গতকাল প্রেসক্লাবের সামনে দিনব্যাপী অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করে।

সকাল থেকে বিকাল ৫টা পর্যন্ত এই অবস্থান ধর্মঘট কর্মসূচিতে ছাত্রলীগের কয়েকশ নেতাকর্মী অংশ নেয়।

অবস্থান ধর্মঘট কর্মসূচিতে সংহতি প্রকাশ করেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনার রাজনৈতিক সচিব, সাবেক উপমন্ত্রী সাবের হোসেন চৌধুরী, সাংবাদিক শফিকুর রহমান, আলতাফ মাহমুদ, সাবেক ছাত্রলীগ নেতা শফি আহমদ, ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, সহসভাপতি মাহবুবুল হক শাকিল। এ ছাড়া ছাত্রলীগ বর্তমান কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন বলরাম পোদ্দার, সুজিদ রায় নন্দী, লিয়াকত সিকদার, আশরাফুল আজিম রুবন, খান মাইনুল হোসেন মোস্তাক, শাহ মোস্তফা আলমগীর, ছাত্রলীগ ঢা.বি শাখার সভাপতি বেগ শাহীন জাহান, সেক্রেটারি এ কে এম আজিম প্রমুখ নেতৃবৃন্দ।

সাবের হোসেন চৌধুরী তার বক্তব্যে বলেন, 'সরকার এবং বিশ্ববিদ্যালয় প্রশাসন নির্লজ্জভাবে ছাত্রদলের সন্ত্রাসীদের হাতে হলের দখলদারিত্ব উপহার দিয়েছে। যে ছাত্রদের কাগজ-কলম-বই-কম্পিউটার নিয়ে হলে, লাইব্রেরিতে ও ক্লাস রুমে থাকার কথা তারা আজ নির্যাতিত হয়ে জাতীয় প্রেসক্লাবে বিচার চাইতে এসেছে। বাংলাদেশের শিক্ষা ব্যবস্ত ধ্বংস করার জন্যই এটা করা হচ্ছে।'

সাবের হোসেন চৌধুরী ছাত্রদের অধিকার প্রতিষ্ঠায় তীব্র ছাত্র আন্দোলন গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, ছাত্রদের ঠিকানা হলেই হতে হবে, রাস্তায় নয়। হলে থাকতে দেওয়া না হলে তীব্র প্রতিরোধ গড়তে হবে।